অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/26/2022 **গভর্নর ক্যাথি হোকল**

কুইন্সে 100 মিলিয়ন ডলারের মিশ্র-ব্যবহারের সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পের নির্মাণকাজ শুরু হয়েছে বলে গভর্নর হোকল ও মেয়র অ্যাডামসের ঘোষণা

এজমেয়ার কমন্স-এর প্রথম পর্যায় সহায়তামূলক পরিষেবাবিশিষ্ট 59টি বাড়ি সহ মোট 194টি সাশ্রয়ী বাড়ি এবং নিচতলায় 23,000 বর্গফুট খুচরা দোকানের জায়গা প্রদান করবে

ফার রকঅ্যাওয়েতে সাবেক হাসপাতালের জায়গায় নির্মিত উন্নয়ন প্রকল্পটি চূড়ান্ত পর্যায়ে 2,000 এরও বেশি মিশ্র-আয়ের অ্যাপার্টমেন্ট, মেডিকেল ফ্যাসিলিটি, ও জনসমাগমের স্থান প্রদান করবে

গভর্নরের নতুন 25 বিলিয়ন ডলারের পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনার অংশ

গভর্নর ক্যাথি হোকল ও মেয়র অ্যাডামস আজ ফার রকঅ্যাওয়ে, কুইন্স-এ 100 মিলিয়ন ডলারের একটি সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসন উন্নয়ন প্রকল্পের নির্মাণকাজ শুরু হয়েছে বলে ঘোষণা করেছেন। 194টি অ্যাপার্টমেন্টবিশিষ্ট 17 তলা এই ভবন সাবেক পেনিনসুলা হসপিটাল সেন্টারের (Peninsula Hospital Center) জায়গায় 11-ধাপে নির্মিতব্য মাস্টার রিডেভেলপমেন্ট পরিকল্পনার প্রথম পর্যায়। এজমেয়ার কমন্স (Edgemere Commons) নামে পরিচিত এই মিশ্র-ব্যবহারের কমিউনিটি পর্যায়ক্রমে 2,000 এরও বেশি সাশ্রয়ী বাড়ি, খুচরা দোকানের জায়গা, কমিউনিটি স্পেস, মেডিকেল ফ্যাসিলিটি, এবং ঘরের বাইরে জনসমাগমের জায়গা প্রদান করবে।

"এজমেয়ার কমন্স এমন একটি রূপান্তরমূলক উন্নয়ন প্রকল্প যা আগামী কয়েক দশকব্যাপী অধিবাসীদের জীবন উন্নত করবে এবং সমগ্র ফার রকঅ্যাওয়ে কমিউনিটিকে শক্তিশালী করবে," **বলেছেন গভর্নর হোকল।** "100 মিলিয়ন ডলারের এই মিশ্র-ব্যবহারের উন্নয়ন প্রকল্পে বিনিয়োগ করার মাধ্যমে আমরা উচ্চ-মানের আবাসন, মেডিকেল পরিষেবা, বাণিজ্যিক কার্যক্রম এবং জনসমাগমের স্থান তৈরি করছি যা আশেপাশের অঞ্চলকে পুনরুজ্জীবিত করবে এবং সবার জন্য আরো বেশি অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, ও প্রাণবন্ত একটি কমিউনিটি গড়ে তুলবে।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "এই প্রকল্প একটি কমিউনিটিকে তার প্রাপ্য অতি প্রয়োজনীয় বিনিয়োগ ও গুরুত্বপূর্ণ নতুন সংস্থান প্রদান করার প্রতিনিধিত্ব করে। শুধু সাশ্রয়ী বাড়িই নয়, বরং জনসমাগমের স্থান ও খুচরা দোকানের জায়গা প্রদান করার মাধ্যমে, আমরা এই ভূমির সর্বোত্তম ব্যবহার করছি এবং কয়েক শতাধিক নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপত্তা, উন্নতি, ও ভালো স্বাস্থ্য নিয়ে আসছি।"

এজমেয়ার কমন্স হলো আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ। সাম্প্রতিক প্রণীত বাজেটে গভর্নর একটি নতুন 25 বিলিয়ন ডলারের পাঁচ বছর মেয়াদি বিস্তৃত আবাসন পরিকল্পনা প্রবর্তন করেছেন এবং সফলভাবে প্রাপ্ত করেছেন, যা পুরো নিউ ইয়র্কে 100,000 সাশ্রয়ী আবাসন তৈরি বা সংরক্ষণ করে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সহায়ক পরিষেবা সহ 10,000টি ইউনিট থাকবে, তার উপর আরো 50,000টি গৃহের বিদ্যুতায়ন করা অন্তর্ভুক্ত হবে।

11-ধাপের এই মাস্টার ডেভেলপমেন্ট প্রকল্প সাবেক পেনিনসুলা হসপিটাল সেন্টারের বৃহৎ-আকারের রি-জোনিং এর ফলাফল। নির্মাণকাজ সম্পন্ন হয়ে গেলে, এজমেয়ার কমন্সে 2,050টি সাশ্রয়ী ও মধ্যম-আয়ের অ্যাপার্টমেন্ট, জনসাধারণের অ্যাক্সেসযোগ্য খোলা জায়গা, নতুন মেডিকেল ফ্যাসিলিটি, নিচ তলায় খুচরা দোকান, ও পার্কিং থাকবে।

এই নতুন উন্নয়ন প্রকল্প নিউ ইয়র্ক সিটির শক্তিশালী এজমেয়ার কমিউনিটি পরিকল্পনার (Resilient Edgemere Community Plan) সঙ্গে সঙ্গতিপূর্ণ, যেটি আগামী বছরগুলোতে এজমেয়ার কমিউনিটিতে সিটির পক্ষ থেকে অব্যাহত বিনিয়োগ সম্পন্ন করার কাঠামো প্রস্তুত করেছে। কমিউনিটির মতামত নিয়ে উন্নয়নকৃত এই পরিকল্পনা ঘূর্ণিঝড় স্যান্ডি থেকে পুনরুদ্ধারের জন্য সিটির প্রচেষ্টাগুলোর সঙ্গে এজমেয়ারের বাসিন্দাদের জন্য উচ্চ মানসম্মত জীবনযাপনের সুবিধা প্রদান করার দীর্ঘমেয়াদী একটি রূপকল্পকে জোড়বদ্ধ করেছে।

প্রথম ভবনটিতে 194টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট, নিচ তলায় 23,000 বর্গফুট খুচরা দোকানের জায়গা এবং বাসিন্দাদের জন্য 24,000 বর্গফুট পার্কিং এর জায়গা থাকবে। খুচরা দোকানের জায়গাটিতে একটি সুপারমার্কেট থাকবে বলে আশা করা হচ্ছে, যেটি পরিকল্পনা প্রক্রিয়ায় জনসাধারণের মতামত নেওয়ার সময় কমিউনিটির সদস্যদের একটি জরুরি প্রয়োজন হিসেবে চিহ্নিত করা হয়েছে।

উন্নয়ন প্রকল্পটি বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য 29টি অ্যাপার্টমেন্ট সংরক্ষণ করবে যারা ব্লক ইনস্টিটিউট (Block Institute) কর্তৃক সরবরাহকৃত অন-সাইট আবাসন সহায়তামূলক পরিষেবার অ্যাক্সেস লাভ করবেন।

গৃহহীনতার সম্মুখীন হওয়া প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য আরো 30টি অ্যাপার্টমেন্ট পৃথক করে রাখা হবে। এসব বাসিন্দা নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) কর্তৃক পরিচালিত এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) একটি অনুদানের মাধ্যমে ভাড়া বাবদ অনুদান ও সহায়তামূলক

পরিষেবাগুলোর অ্যাক্সেস পাবেন। ওয়েললাইফ নেটওয়ার্ক (WellLife Network) এসব পরিষেবা প্রদান করবে।

আবাসিক সুবিধাগুলোর মধ্যে একটি কমিউনিটি রুম, একটি চিত্তবিনোদনের কক্ষ, বাইসাইকেল সংরক্ষণের জায়গা, লন্ড্রি ফ্যাসিলিটি, একটি রুফ টেরেস এবং আউটডোর ক্রিয়াকলাপের জায়গা অন্তর্ভুক্ত থাকবে।

ভবনটি জ্বালানি-দক্ষতার উচ্চ মানদণ্ড পূরণের উপযোগী করে নকশা করা হয়েছে এবং LEED গোল্ড সার্টিফিকেশন অর্জনের চেষ্টা করবে। এর শক্তি সাশ্রয়ী বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে সোলার প্যানেল, এনার্জি স্টার লাইটিং, ও এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স যেমন ফ্রিজ, ডিশওয়াশার, বাথরুম ফ্যান ও লন্ড্রি মেশিন। এছাড়া এজমেয়ার কমন্স মাস্টার ডেভেলপমেন্ট পরিকল্পনায় ভবিষ্যতের ঝড়ের ঘটনার বিরুদ্ধে ফার রকঅ্যাওয়েকে সুরক্ষিত রাখতে শক্তিশালীকরণের পদক্ষেপগুলোও অন্তর্ভুক্ত করা হবে।

এজমেয়ার কমন্স-এর প্রথম ভবনটির ডেভেলপমেন্ট টিমে রয়েছে আর্কার কোম্পানিজ (The Arker Companies) এবং স্লেট প্রপার্টি গ্রুপ (Slate Property Group)।

প্রথম পর্যায়ের জন্য স্টেটের অর্থায়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে 14.7 মিলিয়ন ডলারের স্থায়ী করমুক্ত বন্ড এবং নিম্ন-আয়ের লোকজনের জন্য ফেডারেল পর্যায়ের কর ক্রেডিট যা নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) তরফ থেকে 47.7 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করবে। নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation) ব্রাউনফিল্ড ক্লিনআপ কর্মসূচির কর ক্রেডিট বরাদ্দ করেছে যা 5.6 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করবে।

নিউ ইয়র্ক স্টেটের বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অফিস (Office for People With Developmental Disabilities) 5 মিলিয়ন ডলার সহায়তা প্রদান করছে। OMH এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের মাধ্যমে 30টি সহায়তামূলক ইউনিটের জন্য বার্ষিক ভর্তুকি হিসেবে 750,000 ডলার এবং কর্মসূচি উন্নয়ন তহবিল (Program Development Grant) থেকে স্টার্ট-আপ ব্যয় নির্বাহের জন্য 258,000 ডলার প্রদান করবে।

সাইটটি পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) সফল ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রামে (Brownfield Cleanup Program) অংশগ্রহণ করেছে এবং প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ার পর কর ক্রেডিট পাওয়ার উপযুক্ততা অর্জন করেছে। এছাড়াও নিউ ইয়র্ক সিটির আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (Department of Housing Preservation and Development) 22.7 মিলিয়ন ডলারের ভর্তুকি প্রদান করছে।

2022-23 অর্থবছরের স্টেট বাজেটে গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের সমৃদ্ধশীল ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম (BCP) সম্প্রসারণ ও দীর্ঘায়িত করেছেন, যেটি 2022 সালের ডিসেম্বরে মেয়াদোত্তীর্ণ হয়ে যাওয়ার কথা ছিল। এই কর্মসূচি 10 বছরের জন্য পুনরায় অনুমোদিত হয়েছে। এই বাজেটে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে ক্লিনআপ কার্যক্রমের জন্য প্রণোদনা প্রদান করার

মাধ্যমে BCP উন্নয়ন ঘটানো হচ্ছে। সেইসাথে, এই কর্মসূচি BCP সম্পত্তি কর ক্রেডিটের জন্য উপযুক্ত সাশ্রয়ী আবাসন কর্মসূচির পরিধি সম্প্রসারণ করার মাধ্যমে সাশ্রয়ী আবাসন উন্নয়নের জন্য গভর্নর হোকলের অঙ্গীকার পুনরায় নিশ্চিত করেছে, যা অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসনের পাশাপাশি ব্রাউনফিল্ডগুলোর পুনঃউন্নয়নের জন্য প্রণোদনা প্রদান করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ সুযোগ-সুবিধা প্রদান করবে। এছাড়াও, BCP এখন BCP-চালিত পুনঃউন্নয়নের প্রতি জোর দেওয়া এব স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যসমূহ পূরণে সাহায্য করার জন্য নতুন কর ক্রেডিট দিয়ে নির্দিষ্ট কিছু নবায়নযোগ্য জ্বালানি ফ্যাসিলিটির সাইট উন্নয়নের জন্য উৎসাহিত করছে।

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "আবাসনের সরবরাহ বৃদ্ধি করা, নতুন অর্থনৈতিক ক্রিয়াকলাপ তৈরি করা, এবং এই এলাকাকে নিজের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া প্রত্যেকের জীবনের মান সমৃদ্ধ করার মাধ্যমে এজমেয়ার কমন্স ফার রকঅ্যাওয়ে কমিউনিটির জন্য একটি যুগান্তকারী বিষয় হয়ে থাকবে। নির্মাণকাজ সম্পন্ন হয়ে গেলে এজমেয়ার কমন্স পরিবারগুলো ও প্রবীণদের জন্য হাজার হাজার আধুনিক অ্যাপার্টমেন্ট, একীভূত সহায়তামূলক বাড়ি, কমিউনিটি ফ্যাসিলিটি, এবং উন্মুক্ত জনসমাগমের স্থান প্রদান করবে। 100 মিলিয়ন ডলারের প্রথম ধাপটিতে স্টেটের বিনিয়োগ একটি উদ্দীপনাপূর্ণ প্রথম পদক্ষেপ যা স্বনির্ভরভাবে জীবন যাপনের জন্য সহায়তার প্রয়োজন হয় এমন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য 59টি সহায়তামূলক পরিষেবাবিশিষ্ট বাড়ি সহ মোট 194টি সাশ্রয়ী বাড়ি প্রদান করবে। এই উন্নয়ন প্রকল্পকে বাস্তবে পরিণত করায় আমাদের সকল অংশীদারকে অভিনন্দন।"

বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অফিসের কমিশনার কেরি নেইফেল্ড বলেন, "OPWDD এই একাধিক-পর্যায়বিশিষ্ট প্রকল্পের অংশ হতে পেরে গর্বিত যে প্রকল্প বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য স্বনির্ভর হয়ে জীবন যাপনের জন্য 29টি নতুন কমিউনিটি-ভিত্তিক সুযোগ প্রদান করবে এবং একইসাথে তাদের সফল হতে সাহায্য করার জন্য ব্লক ইনস্টিটিউটের তরফ থেকে সঠিক মাত্রার অন-সাইট সহায়তা প্রদান করবে। এজমেয়ার কমন্স এর মতো অভিনব আবাসন উদ্যোগগুলো আমরা যাদের সহায়তা প্রদান করে থাকি সেসব ব্যক্তির জন্য তাদের নিজেদের এলাকায় বসবাস করার ও কমিউনিটিতে অংশগ্রহণ করার অফুরন্ত সম্ভাবনা প্রদান করে, এবং বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিরা যাতে সম্মান ও মর্যাদার সঙ্গে তাদের কমিউনিটিগুলোতে বাস করার জন্য ব্যাপকভাবে সহায়তা লাভ করেন সে বিষয়টি নিশ্চিত করতে তার চলমান অঙ্গীকারের জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করি।"

অফিস অব মেন্টাল হেলথ-এর কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "এজমেয়ার কমন্স ঝুঁকিপূর্ণ ব্যক্তি ও পরিবারগুলোর জন্য তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলো পাওয়ার পাশাপাশি নিজেদের কমিউনিটিতে সফলভাবে বসবাস করতে সক্ষম করে তোলার জন্য সুন্দর বাড়ি প্রদান করবে। স্টেটজুড়ে আমাদের সহায়তামূলক আবাসনের নেটওয়ার্ক সম্প্রসারণ করার প্রতি ব্যাপক সমর্থন প্রদানের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। তার আবাসন পরিকল্পনা 10,000 ইউনিট সহায়তামূলক আবাসন তৈরি বা সংরক্ষণ করবে, যা মানসিক অসুস্থতা নিয়ে

বসবাসকারী কয়েক হাজার ব্যক্তিকে নিরাপদ ও স্থিতিশীল আবাসনে বসবাস করার সুযোগ প্রদান করবে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন, "2022-23 অর্থবছরের স্টেট বাজেটে ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রামের জন্য গভর্নর হোকলের সমর্থন লাভ করার মধ্য দিয়ে, নিউ ইয়র্ক স্টেট কয়েক শতাধিক যথাযথভাবে ব্যবহৃত না হওয়া, পরিত্যক্ত, ও ক্ষয় হয়ে যাওয়া সম্পত্তিকে আশেপাশের কমিউনিটিগুলোকে উপকৃত করবে এমন উৎপাদনমুখী জায়গায় রূপান্তর করার অঙ্গীকার পূরণ করা অব্যাহত রেখেছে। DEC-এর সফল ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম এবং স্টেট ও ফেডারেল অংশীদারদের কাছ থেকে পাওয়া অন্যান্য তহবিলের সহায়তায় কুইন্সে সাবেক এজমেয়ার কমন্স আগামী কয়েক প্রজন্মকে উপকৃত করবে এমন সাশ্রয়ী বাড়ি ও খুচরা দোকানের জায়গা প্রদান করার মাধ্যমে একটি উপকারী উদ্দেশ্য পূরণ করবে।"

আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগের (Housing Preservation and Development) কমিশনার অ্যাডলফো ক্যারিওন জুনিয়র বলেন, "এজমেয়ার কমন্স উন্নয়ন প্রকল্পের নির্মাণকাজ শুরু হওয়া এই উপকূলীয় কমিউনিটি ভবিষ্যতে কী পেতে যাচ্ছে তার প্রতিনিধিত্ব করে: আরো বেশি সাশ্রয়ী আবাসন, আরো বেশি কমিউনিটি সংস্থান, মুদিপণ্য ক্রয় ও ডাইনিং এর আরো বেশি বিকল্প, আরো বেশি কর্মসংস্থান, এবং যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ সেটা হলো, সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাওয়া এবং ঘূর্ণিঝড় স্যান্ডির মতো সুপারস্টর্মগুলোর জন্য আরো বেশি করে প্রস্তুতি গ্রহণ করা। HPD-এর টেকসই এজমেয়ার কমিউনিটি পরিকল্পনা শুধু পুনর্নির্মাণই নয়, বরং এই কমিউনিটি কী হয়ে উঠতে পারে তা নিয়ে পুনরায় ভাবনার জন্য কয়েক মিলিয়ন ডলারের পরিকল্পিত বিনিয়োগ নিয়ে আসছে। এজমেয়ার কমন্স-এর মতো প্রকল্পগুলোর মাধ্যমে এবং নিউ ইয়র্ক স্টেট সরকার এর আমাদের অংশীদার, আর্কার কোম্পানিজ, স্লেট প্রপার্টি গ্রুপ, ব্লক ইনস্টিটিউট এর সহায়তায় আমরা এজমেয়ারকে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া লোকদের জন্য এই স্বপ্নকে বাস্তবে রূপ দিচ্ছি।"

নিউ ইয়র্ক সিটির চিফ হাউজিং অফিসার জেসিকা কার্টজ বলেন, "সিটির আবাসন স্বল্পতা মোকাবেলার প্রচেষ্টায় এটি একটি অসাধারণ প্রকল্প। এজমেয়ার কমন্স শীঘ্রই আবাসন সংকটের সম্মুখীন হওয়া একটি কমিউনিটিতে নিউ ইয়র্কবাসীদের জন্য 2,000 এরও বেশি সাশ্রয়ী ইউনিট প্রদান করতে যাচ্ছে। এটি কেবল আবাসন খাতে একটি বৃহৎ বিনিয়োগই নয়, বরং এটি এমন ধরনের সামগ্রিক কমিউনিটি উন্নয়ন প্রকল্পগুলোর প্রতিনিধিত্ব করে যেগুলো সব নিউ ইয়র্কবাসীকে স্থানীয়ভাবে তাদের প্রাপ্য সুযোগ-সুবিধা, কর্মসংস্থান ও সংস্থানগুলো প্রদান করতে আমাদের সাহায্য করছে। মানসম্মত বাড়ির পাশাপাশি নতুন মুদি দোকান বা কমিউনিটি স্পেস বা জনসমাগমের স্থান যেটিই হোক না কেন, এক একটি প্রকল্প সম্পন্ন করার মধ্য দিয়ে আমরা আমাদের সব প্রতিবেশীর জন্য আরো বেশি সমতাপূর্ণ ও সাশ্রয়ী নিউ ইয়র্ক সিটি গড়ে তুলছি।"

ডিপার্টমেন্ট অব সিটি প্ল্যানিং (Department of City Planning)-এর ডিরেক্টর ড্যান গ্যারোডনিক বলেন, "সাশ্রয়ী আবাসন, একটি মুদি দোকান ও জনসমাগমের স্থান নিয়ে কিভাবে একটি স্মার্ট পরিকল্পনা একবারে একাধিক লক্ষ্য পূরণ করতে পারে সেটি এজমেয়ার কমন্স দেখিয়ে দিচ্ছে। DCP এই শক্তিশালী উন্নয়ন প্রকল্পটি এগিয়ে নিয়ে যেতে সাহায্য করতে

পেরে গর্বিত এবং এটি যখন ভবিষ্যত বাসিন্দাদের তাদের নতুন বাড়িতে আমন্ত্রণ জানাবে আমরা সে দিনটির জন্য আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

স্টেট সিনেটর জোসেফ পি. অ্যাডাবো জুনিয়র বলেন, "দীর্ঘ দিন ধরে অপেক্ষায় থাকা এই প্রকল্পটির কাজ শুরু হয়েছে এবং এটি এজমেয়ার ও আশেপাশের কমিউনিটিগুলোর জন্য বড় ধরনের সুবিধা নিয়ে আসবে। এজমেয়ার কমন্স প্রকল্পের প্রথম ধাপটি আনুমানিক 200 সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট, খুচরা দোকানের জায়গা এবং সহায়তামূলক পরিষেবা নিয়ে আসবে যা কয়েক শতাধিক বাসিন্দার জীবন উন্নত করবে। সাধারণ মানুষের জন্য সহায়তার ব্যবস্থা করা এবং কমিউনিটির প্রয়োজনগুলোর কথা শোনার মধ্য দিয়ে, আমরা লোকজনের জীবন উন্নত করতে শুরু করতে পারি এবং তারা হয়তো আগে কখনো পাননি এমন সুযোগগুলো তাদের প্রদান করতে পারি।"

অ্যাসেম্বলি সদস্য খলিল অ্যান্ডারসন বলেন, "আমি এজমেয়ার কমন্স এর নতুন উন্নয়ন প্রকল্পটিকে স্বাগত জানাতে প্রস্তুত যেটি পুরোনো পেনিনসুলা হসপিটাল সেন্টারের জায়গাটিকে কমিউনিটির আরেকটি প্রধান প্রতিষ্ঠানে পরিণত করবে যা গৃহহীনতার সম্মুখীন ব্যক্তি এবং বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য আবাসিক ইউনিট প্রদান করার পাশাপাশি মোট 2,050টি সাশ্রয়ী ও মধ্যম-আয়ের অ্যাপার্টমেন্ট প্রদান করবে। রকঅ্যাওয়ে পেনিনসুলার পুনর্নির্মাণ অব্যাহত রয়েছে।"

কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস জুনিয়র বলেন, "এজমেয়ার কমন্স প্রকল্পের প্রথম ধাপের নির্মাণকাজ শুরু হওয়া একটি টেকসই, শক্তিশালী, ও সুযোগ-সুবিধা দিয়ে পরিপূর্ণ কমিউনিটি তৈরি করার জন্য আমাদের শেয়ারকৃত প্রচেষ্টার ক্ষেত্রে একটি বৃহৎ মাইলফলকের প্রতিনিধিত্ব করে যা রকঅ্যাওয়ের পরিবারগুলোর জন্য অতি প্রয়োজনীয় এবং দীর্ঘদিন ধরে প্রয়োজনীয় বলে অনুভূত হওয়া সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসন নিয়ে আসবে। পুরোনো পেনিনসুলা হাসপাতাল বন্ধ হয়ে যাওয়ার ফলে কয়েক বছর ধরে পরিত্যক্ত হয়ে থাকার পর যুগান্তকারী এজমেয়ার কমন্স প্রকল্পটি বাস্তবায়নের দিকে আরো এক ধাপ এগিয়ে গেছে। এজমেয়ার কমন্স প্রকল্প উন্নয়নের ফলে এজমেয়ার ও সমগ্র রকঅ্যাওয়ে পেনিনসুলার ভবিষ্যত অনেক বেশি উজ্জ্বল দেখাচ্ছে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সংখ্যাগরিষ্ঠ অংশের হুইপ সেলভেনা এন. ব্রুকস-পাওয়ার্স বলেন, "পেনিনসুলা হাসপাতালের একজন সাবেক কর্মচারী হিসেবে, আমি এই ফ্যাসিলিটির অনুপস্থিতির ফলে আমাদের কমিউনিটির সম্মুখীন হওয়া উল্লেখযোগ্য ক্ষতি হওয়ার বিষয়টি অনুধাবন করি। তবে, আমি আনন্দিত যে এই সাইটটি আরেকটি অতি গুরুত্বপূর্ণ প্রয়োজন-নতুন সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস মোকাবেলা করবে। এজমেয়ার কমন্স নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলা করতে এবং পরিবারগুলোর বোঝা হালকা করতে সাহায্য করবে। আমি আর্কার ও টিশম্যান স্পেয়ার (Tishman Speyer) ডেভেলপমেন্ট টিমকে এখন পর্যন্ত এই প্রকল্পে তাদের সম্পাদিত কাজের জন্য ধন্যবাদ জানাই, এবং এটি সম্পন্ন করার জন্য তাদের সঙ্গে কাজ করে যাওয়ার এবং আমাদের নতুন বেড়ে উঠা পেনিনসুলা কমিউনিটির স্বাস্থ্য চাহিদাগুলো পূরণের উপায় খোঁজা চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি।"

দ্য আর্কার কোম্পানিজ-এর প্রিন্সিপাল ড্যান মরিজ বলেন, "এজমেয়ার কমন্স প্রকল্পের নির্মাণকাজ শুরু করার মাধ্যমে, আগামী প্রজন্মগুলো নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দিতে পেরে গর্ব বোধ করবে এমন একটি পুনরুজ্জীবিত এজমেয়ার পাওয়ার জন্য আজ আমরা এই কমিউনিটির ধারণ করা রূপকল্প অর্জনের এক ধাপ কাছাকাছি এগিয়ে এসেছি। অতি প্রয়োজনীয় আবাসন প্রদান করা থেকে শুরু করে, খাবারের শূন্যতা দূরীকরণ এবং এই পেনিনসুলায় কর্মসংস্থান, খোলা জায়গা, ও খুচরা দোকানের জায়গা নিয়ে আসা পর্যন্ত, এই কমিউনিটি অবশেষে এটির প্রাপ্য বিনিয়োগ পেতে যাচ্ছে যাতে এজমেয়ার সমৃদ্ধ হয়ে উঠতে পারে।"

স্লেট প্রপার্টি গ্রুপ-এর প্রিন্সিপাল ডেভিড স্কোয়ার্টজ বলেন, "এজমেয়ার কমিউনিটির সঙ্গে যোগ দিতে পেরে এবং এই এলাকার উজ্জ্বল ভবিষ্যত বিনির্মাণে সাহায্য করবে এমন একটি প্রকল্পের কাজ শুরু করতে পেরে আমরা গর্বিত। প্রথম ধাপটি শুধু যে এজমেয়ারের মানুষদের জন্য আনুমানিক 200টি নতুন নিরাপদ, সাশ্রয়ী বাড়ি প্রদান করবে তাই নয়, বরং এটি এসব সংস্থান পাওয়ার জন্য অপেক্ষায় থাকা একটি কমিউনিটিতে নতুন অর্থনৈতিক প্রাণের সঞ্চার করবে। এই প্রথম ভবনটির মধ্য দিয়ে, আমরা কমিউনিটির মতামতকে অগ্রাধিকার দেওয়া এই দীর্ঘদিনের রূপকল্প বাস্তবে পরিণত করার আরো এক ধাপ কাছাকাছি এগিয়ে এসেছি।"

ব্লক ইনস্টিটিউট-এর এক্সিকিউটিভ ডিরেক্টর স্কট বার্কিন বলেন, "60 বছর ধরে ব্লক ইনস্টিটিউট বুদ্ধিগত ও বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের সহায়তা করতে কর্মসূচি ও পরিষেবা উন্নয়নের জন্য নিবেদিত থেকেছে, এবং এই রূপান্তরমূলক এজমেয়ার কমন্স প্রকল্পের অংশ হতে পেরে আমরা অনেক বেশি গর্বিত। এজমেয়ার জীবন নিয়ে পুনরায় ভাবনা এবং স্বপ্নের বাস্তবায়নের জন্য আমাদের অব্যাহত সহায়তার প্রতিনিধিত্ব করে এবং কমিউনিটি সম্পৃক্ততা ও উন্নয়নের ক্ষেত্রে আমাদের বেড়ে উঠা অব্যাহত রাখবে। আমাদের কাজ মিশন-নির্ভর, অর্থপূর্ণ এবং ব্যাপকভাবে ফলপ্রসূ। "

ওয়েললাইফ নেটওয়ার্কের CEO শেরি টাকার বলেন, "নিউ ইয়র্ক সিটিতে নিরাপদ ও সাশ্রয়ী আবাসন সব নিউ ইয়র্কবাসীর জন্য একটি চ্যালেঞ্জ। অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য এটি আরো বড় একটি চ্যালেঞ্জ। আর্কার কোম্পানিজ ও স্লেট প্রপার্টি গ্রুপের সঙ্গে অংশীদার হওয়ার মাধ্যমে, আমাদের লক্ষ্য হলো সহায়তামূলক, নিরাপদ, ও যত্নশীল একটি পরিবেশ প্রদান করা যেখানে সব ভাড়াটিয়া সংহতি এবং একটি বৃহত্তর কমিউনিটির অংশ হওয়ার অনুভূতি অনুভব করবেন।"

ওয়েলস ফার্গোতে (Wells Fargo) হেড অব মাল্টিফ্যামিলি ক্যাপিটাল অ্যালান ওয়েইনার বলেন, "পরিবারগুলোর জন্য নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়ার মতো একটি সাশ্রয়ী ও আকর্ষণীয় স্থান তৈরি করার জন্য দ্য আর্কার কোম্পানিজ-এর সঙ্গে আমাদের দীর্ঘদিন ধরে চলে আসা সম্পর্ক অব্যাহত রাখতে পেরে ওয়েলস ফার্গো গর্বিত। এই টিমের মূল্যবোধ আমাদের মূল্যবোধের সাথে, এবং আমরা যেখানে বাস করছি ও সেবা প্রদান করছি সেই কমিউনিটিতে অতি প্রয়োজনীয় আবাসন তৈরি ও সংরক্ষণের জন্য ঋণ ও ইক্যুইটি ভিত্তিক সমাধান প্রদানের জন্য আমাদের জাতীয় অগ্রাধিকারের সাথে সঙ্গতিপূর্ণ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418